যুগান্তর

5 MAR 20·3
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ইনক্রিমেন্ট

বিগত সরকার নতুন পে-স্কেল প্রদান করে ১৯৯৭ সালে, এবং তা পর্যায়ক্রমে ১৯৯৯ সালের ১ জুলাই থেকে পূর্ণ বাস্তবায়ন করা হয়। সে সময় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরও ওই পে-স্কেল প্রদান করা হয়। তবে নতুন স্কেলের ইনক্রিমেন্ট ও মেডিকেল ভাতা সমন্বয় করা হয়নি।



আমাদের ক্ষেত্রে সরকারের নীতি স্কেলের সঙ্গে ১টি ইনক্রিমেন্ট এবং অন্যদের মতো মেডিকেল ভাতা। বিষয়টি আরেকটু খুলে বললে হয়, যখন অন্যান্য সরকারি চাকরীজীবী ১০০ টাকা মেডিকেল ভাতা পেতেন তখন আমরাও তাই পেতাম। যখন তাদের ১৫০ টাকা করা হল, স্বাভাবিকভাবে আমাদেরও ১৫০ টাকা দেয়া হল। কিন্তু নতুন স্কেল দেয়ার সময় তাদের প্রথমে ২০০ টাকা এবং পরে ৩০০ টাকা করা হলেও আমাদের তা করা হলো না। কেন করা হল না সে ব্যাপারে আগের সরকারও কিছু বলেনি। এখন তো কারও মাথায় বিষয়টি আছে বলে মনে হয় না। বিষয়টির কোন আইনগত ব্যাপার আছে নাকি সরকারের একান্তই ইচ্ছা-অনিচ্ছার বিষয় আমরা জানি না। এবার আসা যাক ইনক্রিমেন্ট প্রসঙ্গে। আমার নিজের বেতন স্কেল ৭২০০ টাকা। তাহলে আমার ইনক্রিমেন্ট কত হবে? ১৭৫ টাকা নাকি ২৬০ টাকা। আমি কিন্তু এখন পর্যন্ত ১৭৫ টাকাই পাচ্ছি। ব্যাপারটা দাঁড়াল, নতুন স্কেলের মূল বেতন আর পুরনো স্কেলের ইনক্রিমেন্ট- এটা কেমন আচরণ? ১৯৯৯ সালের ১ জুলাই আজ থেকে সাড়ে তিন বছর আগের কথা। বিষয়টি মনে করিয়ে দেয়ার মতো কিছু বলে আমি মনে করি না। আমরা জাতীয় স্কেলভুক্ত হওয়ার পরও আইনত যদি তা পাওয়ার হকদার না হই, তাহলে সরকারের 'মহানুভবতা' কামনা করা ছাড়া উপায় নেই। আর তা যদি আমাদের ন্যায্য পাওনা হয়ে থাকে, তাহলে সরকারের উচিত হবে এখনই সিদ্ধান্ত নেয়া।

মোঃ গোলজার হোসেন
সহকারী অধ্যাপক, ইকরচালী কলেজ, রংপুর